# নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন

রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

মদীনায় উপস্থিতি ও মদীনাবাসীর অভিনন্দন (وصول المدينة واستقبال أهلها)

দূর হ’তে দেখতে পেয়ে খুশীতে রাসূল (ছাঃ) বলে ওঠেন, هَذِهِ طَابَةٌ وَهَذَا أُحُدٌ ‘এই যে মদীনা, এই যে ওহোদ’। جَبَلٌ يُحِبُّنَا وَنُحِبُّهُ ‘এই পাহাড় আমাদের ভালবাসে এবং আমরা একে ভালবাসি’।[1] মদীনার নারী-শিশু ও বালকেরা ঘর থেকে বেরিয়ে এসে বিপুল উৎসাহে রাসূল (ছাঃ) ও তাঁর সেনাবাহিনীকে অভিনন্দন জানান।[2]

উল্লেখ্য যে, এটাই ছিল রাসূল (ছাঃ)-এর জীবনের সর্বশেষ যুদ্ধ। ৫০ দিনের এই সফরে ৩০ দিন যাতায়াতে ও ২০ দিন ছিল তাবূকে অবস্থান (আহমাদ হা/১৪১৭২)। রজব মাসে গমন ও রামাযান মাসে প্রত্যাবর্তন।[3]

ফুটনোট

[1]. বুখারী হা/৪৪২২; মুসলিম হা/১৩৯২।

[2]. ইবনুল ক্বাইয়িম (রহঃ) বলেন, এসময় মদীনার নারী-শিশু ও বালকেরা বেরিয়ে রাসূল (ছাঃ)-কে অভিনন্দন জানিয়ে طَلَعَ الْبَدْرُ عَلَيْنَا + مِنْ ثَنِيَّاتِ الْوَدَاعِ، وَجَبَ الشُّكْرُ عَلَيْنَا + مَا دَعَا لِلّٰهِ دَاعٍ কবিতা পাঠ করেন (যাদুল মা‘আদ ৩/৪৮২; আর-রাহীক্ব ৪৩৬ পৃঃ)।

বায়হাক্বী বলেন, আমাদের বিদ্বানগণ এটিকে মক্কা থেকে মদীনায় হিজরতকালীন সময়ের কথা বলেছেন, তাবূক থেকে ফেরার সময় নয়’ (আল-বিদায়াহ ৫/২৩)। জীবনীকার আলী আল-হালাবী (৯৭৫-১০৪৪ হি.) বলেন, ولا مانع من تعدد ذلك ‘এটি একাধিক বার হওয়ায় কোন বাধা নেই’ (সীরাহ হালাবিইয়াহ ৩/১২৩)। তাছাড়া ‘ছানিয়াহ’ বা টিলা মক্কা ও তাবূক দু’দিকে হওয়াটা অসম্ভব নয়। বস্ত্ততঃ এ ব্যাপারে প্রমাণিত সেটুকুই যা উপরে ছহীহ হাদীছ সমূহে বর্ণিত হয়েছে। বিস্তারিত দ্রষ্টব্য : ‘১ম জুম‘আ আদায় ও ইয়াছরিবে প্রবেশ’ অনুচ্ছেদ, টীকা-৩২২।

[3]. ইবনু হিশাম ২/৫১৫-১৬, ৫৩৭; যাদুল মা‘আদ ৩/৪৯১; আর-রাহীক্ব ৪৩৬ পৃঃ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=5651

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন